

তারিখ
 গৃহীত

ডিগ্রি পরীক্ষায় কড়াকড়ি ॥ নকলের দাবিতে ভাঙচুর ॥ ৫ শতাধিক বহিষ্কার

গাইবান্ধা থেকে জেলা বার্তা পরিবেশক : নজিরবিহীন কড়াকড়ির মধ্যে গাইবান্ধার ১৩টি কেন্দ্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ডিগ্রি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এই প্রথম জেলা প্রশাসনের বিশেষ উদ্যোগে কড়াকড়ির মধ্যে পরীক্ষা অনুষ্ঠিত হলো। বিভিন্ন কেন্দ্রে পরীক্ষা চলাকালে অসদুপায় অবলম্বনের দায়ে অন্তত ৫শ পরীক্ষার্থীকে কেন্দ্র থেকে বহিষ্কার করা হয়। কেন্দ্র ভাঙচুর ও নকলের দাবিতে পরীক্ষার্থীরা মিছিল করার পর সুন্দরগঞ্জ ও ধর্মপুর পরীক্ষা কেন্দ্রকে জেলা সদর গাইবান্ধায় স্থানান্তর করা হয়। গাইবান্ধায় ডিগ্রি পরীক্ষা অনুষ্ঠানকালে কেন্দ্র স্থানান্তরের শান্তিমূলক ঘটনা এই প্রথম। এদিকে বোনারপাড়া ও সাঘাটা পরীক্ষা কেন্দ্রে স্থানীয় প্রশাসন ও কেন্দ্র কর্মকর্তাদের বিশেষ দুর্বলতার সুযোগে কেন্দ্রে ব্যাপক গণটোকাটুকির ঘটনা ঘটে। জেলা প্রশাসনের ডিজিটেল টিম কেন্দ্র পরিদর্শনকালে গণহারে পরীক্ষার্থী হিষ্কার হতে থাকে। বহিরাগতদের সহযোগিতায় পরীক্ষার্থীরা কেন্দ্র ভাঙচুর করে। এ ঘটনার পর স্থানীয়ভাবে কেন্দ্র দু'টি বাতিলের দাবি ওঠেছে। এ দু'টি কেন্দ্রে বহিরাগতদের ব্যাপক চলাফেরা ও পুলিশের সহায়তায় অবাধ নকল সরবরাহের ঘটনা ঘটে। এছাড়া গাইবান্ধা সরকারি কলেজ, গাইবান্ধা আদর্শ কলেজ, সাদুল্যাপুর ডিগ্রি কলেজ, নলডাংগা ডিগ্রি কলেজ, গোবিন্দগঞ্জ কলেজ কেন্দ্রে কড়াকড়ির মধ্যে সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণ করা হয়। পলাশবাড়ি সরকারি কলেজ, কামদিয়া কলেজ কেন্দ্রে গণটোকাটুকি হয়েছে। জেলা প্রশাসন সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরীক্ষা অনুষ্ঠান নিশ্চিত করতে বিশেষ ব্যবস্থা নেয়। প্রত্যেক কেন্দ্রের জন্য ১টি করে ডিজিটেল টিম জেলা সদর থেকে পাঠানো হয়। আলাদাভাবে প্রত্যেক কেন্দ্রের জন্য ১ জন করে ম্যাজিস্ট্রেট ও প্রয়োজনীয় সংখ্যক পুলিশি নিরাপত্তা নেয়া হয়। পরীক্ষা চলাকালে গাইবান্ধার জেলা প্রশাসক মো. আবদুস সবুর সাংবাদিকদের বলেন, যেকোন মূল্যে সুষ্ঠু পরীক্ষা গ্রহণ নিশ্চিত করতে জেলা প্রশাসন প্রতিশ্রুতিবদ্ধ।